

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৩৫

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى) পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا وَدَّعَ رَجُلًا أَخَذَ بِيَدِهِ فَلَا يَدَعُهَا حَتَّى يَكُونَ الرَّجُلُ هُوَ يَدَعُ يَدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَيَقُولُ: «أَسْتَوْدِعُ اللَّهَ دِينَكَ وَأَمَانَتَكَ وَآخِرَ عَمَلِكَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَهْ وَفِي روايتهما لم يذكر: «وَآخر عَمَلك»

বাংলা

২৪৩৫-[২০] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন লোককে বিদায় দিতেন তার হাত ধরে রাখতেন, তা ছাড়তেন না, যতক্ষণ পর্যন্ত সে ব্যক্তি নিজে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাত ছেড়ে না দিতেন। আর হাত ছেড়ে দেবার সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেন, ''আস্তাও দি'উল্ল-হা দীনাকা ওয়া আমা-নাতাকা ওয়া আ-খিরা 'আমলিকা'' (অর্থাৎ- তোমার দীন, তোমার আমানাত, তোমার শেষ 'আমলকে আল্লাহর কাছে সমর্পণ করলাম)। (তিরমিযী, আবূ দাউদ ও ইবনু মাজাহ; কিন্তু শেষ দু'জনের বর্ণনায় 'সর্বশেষ কাজ' শব্দের উল্লেখ নেই)[1]

ফটনোট

[1] সহীহ: আবূ দাঊদ ২৬০০, তিরমিয়ী ৩৪৪২, ইবনু মাজাহ ২৮২৬, আহমাদ ৪৯৫৭, ইবনু খুযায়মাহ্ ২৫৩১, আল কালিমুত্ব ত্বইয়্যিব ৯৬৯, সহীহাহ্ ১৪, সহীহ আল জামি' ৯৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা খাত্ত্বাবী (রহঃ) বলেনঃ এখানে أمانة (আমানাত) দ্বারা মুসাফির ব্যক্তি পরিবার-পরিজন, যাদের সেরেখে এসেছে এবং সম্পদ উদ্দেশ্য। যেগুলোর দেখভাল ও সংরক্ষণ করে তার কোন প্রতিনিধি। আর কারো মতে সমস্ত দায়িত্বই আমানাত। যার ব্যাখ্যায় আল্লাহ তা'আলার বাণীঃ ''আমি আকাশ, পৃথিবী ও পর্বতমালার সামনে এ আমানাত (দায়িত্ব) পেশ করেছিলাম, অতঃপর তারা এটা বহন করতে অস্বীকার করল এবং এতে ভীত হলো কিন্তু



মানুষ তা বহন করল। নিশ্চয় সে যালিম অজ্ঞ"- (সূরা আল আহ্যা-ব ৩৩ : ৭২)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন